# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | দেশজুড়ে | 20 June, 2025

ময়মনসিংহের ভালুকায় বাসে তল্লাশী চালিয়ে স্কুল ব্যাগ থেকে মানুষের কঙ্কাল উদ্ধার করেছে যৌথ বাহিনী।এসময় মাসুদ রানা (২২) নামে কঙ্কাল চোর চক্রের এক সদস্যকে আটক করতে সক্ষম হলেও চক্রের অপর এক সদস্য কৌশলে পালিয়ে যায়।

শুক্রবার (২০ জুন) সকালে ঢাকা-ময়মনসিংহ মহাড়সকের ভালুকার সিডষ্টোর বাজার এলাকায় চেকপোষ্ট বসিয়ে শেরপুর থেকে ঢাকাগামী একটি বাস থেকে কঙ্কাল উদ্ধার করা হয়।

গ্রেপ্তার মো. মাসুদ রানা শেরপুর জেলার নকলা উপজেলার বাছুর আলগা গ্রামের মো. ইউসুফ আলীর ছেলে।

ভালুকা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. হুমায়ুন কবির বাসে তল্লাশী চালিয়ে কঙ্কালসহ একজনকে আটকের বিষয়টি নিশ্চিত করেছেন।

পুলিশ জানায়, মাসুদ ও তার সহযোগী তিনটি স্কুল ব্যাগ ভর্তি করে মানব কঙ্কাল বিক্রির জন্য ঢাকা যাচ্ছিলেন।পথিমধ্যে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের উপজেলার সিডষ্টোর বাজার এলাকায় যৌথবাহিনী চেকপোস্ট বসিয়ে বিভিন্ন গাড়িতে তল্লাশি চালাচ্ছিল।শেরপুর থেকে ঢাকাগামী একটি বাসে তল্লাশী চালানোর সময় মাসুদ ও তার সহযোগীর স্কুল ব্যাগ দেখে সন্দেহ হয়।পরে যৌথবাহিনী তাদেরকে জিজ্ঞাসাবাদ ও ব্যাগ তল্লাশি করতে চাইলে তারা দৌড়ে পালাতে চায়।পালাতে চাইলে স্থানীয়দের সহযোগীতায় মেহরাবাড়ি বাজার থেকে মাসুদকে আটক করা হয় এবং অন্যজন পালিয়ে যায়।পরে ব্যাগে তল্লাশি করে তিনজন মানুষের মাথার খুলিসহ কঙ্কাল জব্দ করে করে ভালুকা মডেল থানায় হস্তান্তর করেন।

ওসি মো. হুমায়ুন কবির বলেন, কঙ্কালগুলো বিক্রি করার জন্য ঢাকায় নিয়ে যাচ্ছিল।পথিমধ্যে যৌথবাহিনীর চেকপোষ্টে তারা কঙ্কালসহ ধরা পরে।এই ঘটনায় মামলা হয়েছে।গ্রেপ্তারকৃত আসামীদের আদালতের নির্দেশে কারাগারে পাঠানো হয়েছে।

কঙ্কাল আটক ময়মনসিংহ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 21 June, 2025 00:30

URL: https://timestodaybd.com/across-the-country/7758073511